

বার্ষিক অনুষ্ঠান দিল্লি পাবলিক স্কুলের



নিজস্ব প্রতিনিধি— সম্প্রতি বিভিন্ন অনুষ্ঠানের মধ্যে দিয়ে দিল্লি পাবলিক স্কুল দক্ষিণ কলকাতা বার্ষিক উৎসব পালন করল। বিদ্যাভারতী ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা প্রয়াত সুরেন্দ্র আগরওয়ালের প্রতিকৃতিতে শ্রদ্ধার্ঘ্য দিয়ে শুরু হয় অনুষ্ঠান। উপস্থিত অভিভাবক ও অন্যান্যদের

স্বাগত অভিনন্দন জানিয়ে ভাষণ দেন অধ্যক্ষা ঋতুপর্ণা চ্যাটার্জি। এরপর শুরু হয় শিক্ষার্থীদের নানান মনোজ্ঞ অনুষ্ঠান। সঙ্গীত, যন্ত্র সঙ্গীত, নৃত্য, নাটক, নৃত্যনাট্যে অংশ নেয় শতাধিক শিক্ষার্থী। এছাড়া বিভিন্ন প্রতিযোগিতায় সফল প্রতিযোগীদের পুরস্কৃত করা হয়।